95

দৈনিক ইনকিলাব

তারিখ FEB. 24 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

# শার্শায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম আত্মসাতের অভিযোগ

**বেনাপোল অফিস ঃ (২৩ ফেব্রুয়ারী)-** সীমান্তবর্তী থানা শার্শার সোনামুখী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খাদ্যের বিনিময়ে শিক্ষার গম আত্মসাতের একটি লিখিত অভিযোগ করেছেন, গ্রামবাসীদের পক্ষে মোহাম্মদ নান্নু মিয়া ও মোহাম্মদ শামছুর রহমান। অভিযোগে বলা হয় বিদ্যালয়ের ম্যানেজিং সহ-সভাপতি আকবর মোড়ল নিজ নামে ডিও অথরাইজড করে সামান্য কিছু গম বিদ্যালয়ে দিয়ে বাকী গম আত্মসাৎ করেছে। মাথা পিছু ১৫ কেজির পরিবর্তে ১২ কেজি করে গম বিতরণ করার অভিযোগ রয়েছে। তাছাড়া গম তোলার কথা বলে ছাত্র/ছাত্রীদের কাছ থেকে ১০ টাকা হারে চাঁদা আদায় করা হয়। এলাকাবাসীদের পক্ষ থেকে এ ধরনের ঘটনার বিরুদ্ধে করা হয়েছে প্রতিবাদ কিন্তু আত্মসাৎকারী প্রভাবশালী বিধায় অনেকেই তার বিরুদ্ধে কথা বলতে নারাজ। বিষয়টি নিয়ে এলাকাবাসী দুর্নীতি দমন বিভাগ, থানা নির্বাহী কর্মকর্তাসহ বিভিন্ন স্থানে অভিযোগ দায়ের করেছে। কিন্তু কোন আশানরূপ ফল পাওয়া যায়নি। এ ব্যাপারে এলাকাবাসী সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছে।